# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৩৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২১. তৃতীয় অনুচ্ছেদ - অত্যাচার

## আরবী

وَعَن أوْس بن شَرحبيل أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ مَشَى مَعَ ظَالِمٍ لِيُقَوِّيَهُ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ ظَالِمٌ فَقَدْ خَرَجَ مِنَ الْإِسْلَامِ»

## বাংলা

৫১৩৫-[১৩] আওস ইবনু শুরাহবীল (রাঃ) হতে বর্ণিত। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি অত্যাচারীর সাথে এ উদ্দেশে চলে যে, সে তার শক্তি বৃদ্ধি করবে; আর সে এটা জানে যে, সে জুলুমকারী, তবে সে ইসলাম থেকে বের হয়ে গেল।[1]

## ফুটনোট

[1] য‘ঈফ জিদ্দান : ‘বায়হাক্বী’র শু‘আবুল ঈমান ৭৬৭৫, য‘ঈফ আত্ তারগীব ১৩৬২, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬১৮।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে ‘‘আমর ইবনু ইসপদক’’ নামের বর্ণনাকারী অপরিচিত। আর আবূ ইসপদক ইবনু ইবরাহীম ইবনু যাবরীক নামের বর্ণনাকারী খুবই দুর্বল। দেখুন- য‘ঈফাহ্ ৭৫৮।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আওস ইবনু শুরাহবীল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75859

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন